গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ইমেইলঃ bdcoronasaver@gmail.com

মুজিব বর্ষে স্বাস্থ্যখাত
এগিয়ে যাবে অনেক ধাপ

কোভিড-১৯ সংক্রান্ত পরিস্থিতি

তারিখ: ২৩ এপ্রিল, ২০২০
১০ই বৈশাখ, ১৪২৭
২৮শে শাবান, ১৪৪১

স্বাস্থ্য অধিদপ্তরের আজকের স্বাস্থ্য বুলেটিন

স্বাস্থ্য অধিদপ্তরের করোনা বিষয়ক নিয়মিত সংবাদ সম্মেলনের অংশ হিসেবে আজ দুপুর ২.৩০ টায় স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত-মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা এর পরিচালনায় অনলাইন প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, জনাব জাহিদ মালেক, এমপি মহোদয় ব্রিফিং-এ অংশ নেন।

ব্রিফিং এ মাননীয় মন্ত্রী, জনাব জাহিদ মালেক, এমপি মহোদয় দেশের এবং বিশ্বের কোভিড-১৯ পরিস্থিতি বর্ণনা করেন। তিনি বিশ্বের কয়েকটি দেশের(ইতালি,স্পেন,যুক্তরাস্ট্র) প্রথম ৪৫দিনের কোভিড-১৯ এ আক্রান্ত ও মৃত্যুর সাথে বাংলাদেশের তুলনামূলক পর্যালোচনা করে জানান যে, এ পর্যায়ে বাংলাদেশের অবস্থান বেশ ভালো। তিনি বলেন, এখন থেকে যারা বিদেশ থেকে আসবেন তাদের সকলকেই প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে থাকতে হবে। তিনি ভি,আই,পিদের জন্য পৃথক কোভিড হাসপাতালের ব্যবস্থা বিষয়ে বিভিন্ন খবরের কাগজে যে খবর প্রকাশিত হয়েছে তা সঠিক নয় বলে জানান। তিনি জানান বিভিন্ন প্রতিষ্ঠানে নিম্নমানের মাস্ক ও পিপিই ক্রয়-বিক্রয় হচ্ছে। এসকল বিপনন ও প্রস্তুতকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে ঔষধ প্রশাসনকে নির্দেশনা দেন। তিনি আরও বলেন, দেশের কোন হাসপাতালই লকডাউন করা হয়নি এবং হবেনা। অন্যান্য সকল হাসপাতালে স্বাভাবিক চিকিৎসা কার্যক্রম চলছে এবং স্বাভাবিক ঔষধ সরবরাহ অব্যাহত আছে। তিনি চিকিৎসক, নার্স, অন্যান্য স্বাস্থ্যকর্মী, পুলিশসদস্য, সেনাসদস্য, গণমাধ্যমকর্মীসহ যারা কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছেন তাদের সমবেদনা জানান এবং তাদের সুস্থতা কামনা করেন এবং কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী সকলের আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি চিকিৎসক, নার্স, টেকনোলজিস্টসহ মন্ত্রণালয় এবং অধিদপ্তরের সকল কর্মকর্তা বিশেষত যারা কোভিড হাসপাতালে চিকিৎসা দিচ্ছেন তাদের এবং দেশের জনগণ বিশেষত যারা সরকারের বিধিনিষেধ মান্য করে ঘর থেকে বের হননি তাদের সকলকে ধন্যবাদ জানান। কোভিড পরিস্থিতি মোকাবেলায় ২,০০০ চিকিৎসক ও ৬,০০০ নার্স নিয়োগ দেয়া হবে বলে তিনি জানান।

অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা দেশের কোভিড-১৯ পরিস্থিতি বর্ণনাসহ এ সংক্রান্ত অন্য সকল তথ্য উপস্থাপন করেন। তিনি কোভিড-১৯ এ মৃত ব্যক্তিদের বয়স ও লিঙ্গভিত্তিক বিশ্লেষণ উপস্থাপন করেন। তিনি জানান, গত ২৪ ঘন্টায় ০৭জন মৃত্যুবরণ করেছেন। তাদের মধ্যে পুরুষ ৫ জন ও মহিলা ২ জন এবং ষাটোর্ধ ৪ জন, ৫১-৬০ বছরের মধ্যে ২ জন ও ৪১-৫০ বছরের মধ্যে ১ জন। তিনি তথ্য বিশ্লেষণ করে জানান এপর্যন্ত কোভিড আক্রান্তদের মোট ৮৫.২৬% ঢাকা সিটিসহ ঢাকা বিভাগের এবং মোট আক্রান্তের ৬৮% পুরুষ ও ৩২% মহিলা। বয়সভিত্তিক বিশ্লেষণে ২১-৩০ বছরের মধ্যে ২৪%, ৩১-৪০ বছরের মধ্যে ২২%, ৪১-৫০ বছরের মধ্যে ১৮%, ৫১-৬০ বছরের মধ্যে ১৫% এবং ষাটোর্ধ ১০%। ঢাকা সিটির সর্বাধিক আক্রান্ত এলাকা সমূহ-রাজারবাগ,মোহাম্মদপুর,লালবাগ,যাত্রাবাড়ী,বংশাল,চকবাজার,মিডফোর্ড,উত্তরা,তেজগাঁও ও মহাখালী। তিনি জানান, বাংলাদেশে ৬৪টি জেলার মধ্যে ৫৮টি জেলা কোভিড-১৯ দ্বারা আক্রান্ত। গত ২৪ ঘণ্টায় আগের দিনের তুলনায় ২৮.৪৭% নমুনা সংগ্রহ বৃদ্ধি পেয়েছে এবং ১০.৩৪% নমুনা পরীক্ষা বেশি হয়েছে। তবে কিছু নমুনা দেরিতে পৌঁছানোর জন্য নমুনা সংগ্রহের চেয়ে নমুনা পরীক্ষার সংখ্যা কিছুটা কম। তিনি ঘরে থাকা ও সামাজিক দূরত্ব মেনে চলা এবং বারবার সাবান পানি দিয়ে হাত ধোয়ার উপর গুরুত্ব আরোপ করেন ও সকলকে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি কঠোরভাবে মেনে চলার আহ্বান জানান।

বাংলাদেশে কোভিড-১৯ পরীক্ষা ও সনাক্তকৃত রোগী

পরীক্ষাকৃত		সনাক্ত		মৃত্যু		এপর্যন্ত সুস্থ	চিকিৎসাধীন
গত ২৪ ঘণ্টায়	এপর্যন্ত	গত ২৪ ঘণ্টায়	এপর্যন্ত	গত ২৪ ঘণ্টায়	এপর্যন্ত	১০৮	৩,৯৫১
৩,৪১৬	৩৬,০৯০	৪১৪	৪,১৮৬	৭	১২৭		

প্রতিষ্ঠানভিত্তিক নমুনা সংগ্রহ ও সম্পাদিত পরীক্ষার তথ্যাদিঃ

প্রতিষ্ঠান		কোভিড-১৯ পরীক্ষা		
		নমুনা সংগ্রহ (২৪ ঘণ্টা)	পরীক্ষা (পূর্বের নমুনা সহ) (২৪ ঘণ্টা)	সর্বমোট
ঢাকায়	১) আর্মড ফোর্সেস ইন্সটিটিউট অব প্যাথলজি	৭৬	৭৬	৯৯৩
	২) বিএসএমএমইউ	২৮০	২৮০	২৩৩২
	৩) চাইল্ড হেলথ রিসার্চ ফাউন্ডেশন ও ঢাকা শিশু হাসপাতাল	১৪১	১৪১	২৩৩৫
	৪) ঢাকা মেডিকেল কলেজ	১২৮	১২৮	১৩১২
	৫) আইসিডিডিআরবি	১৫৬	১৫৬	১৮৭১
	৬) আইদেশী	১২৭	৭০	১৩৭৫
	৭) এনপিএমএল - আইপিএইচ	৬০১	২৮২	২৯৬৪
	৮) আইইডিসিআর	৫৭৯	৫৭৯	৮০৩৭
	৯) ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরী মেডিসিন এন্ড রেফারেল সেন্টার	৫৯৯	৫৯৩	৩৫৯৪
	১০) মুগদা মেডিকেল কলেজ	৬৫	৬৫	২১৫
ঢাকার ভিতরে মোট		২,৭৫২	২,৩৭০	২৫,০২৮
ঢাকার বাইরে	১) বিআইটিআইডি	১৬৫	১৬৫	১,৮৮৫
	২) কক্সবাজার মেডিকেল কলেজ	৬৩	৬৩	৫৬০
	৩) ময়মনসিংহ মেডিকেল কলেজ	১৮৮	১৮৮	২,২৬২
	৪) রাজশাহী মেডিকেল কলেজ	৮৯	৮৯	১,১৯০
	৫) রংপুর মেডিকেল কলেজ	৯৪	৯৪	১,৮৫৪
	৬)সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ	২১১	১৩৪	১,১৮৯
	৭) খুলনা মেডিকেল কলেজ	৪২	২৩	১,০৮০
	৮)শের-এ-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল	১০১	৭৪	৫১৪
	৯)ফরিদপুর মেডিকেল কলেজ	৭৬	৭৬	১৬২
	১০)শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া	৫৪	৫৪	৮৭
	৯) যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়	৮৬	৮৬	২৭৯
ঢাকার বাইরে মোট		১,১৬৯	**১,০৪৬**	১১,০৬২
সর্বমোট		৩,৯২১	৩,৪১৬	৩৬,০৯০

লজিস্টিক মজুদ এবং সরবরাহ সম্পর্কিত তথ্য (২৩-০৪-২০২০ সকাল ৮:০০টা পর্যন্ত) (সূত্রঃ সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর)

সরঞ্জামের নাম	মোট সংগ্রহ'	মোট বিতরণ	বর্তমান মজুদ
পিপিই (PPE)	১৫,০৭,১৯০	১২,১৮,৮৭৩	২,৮৮,৩১৭

কোয়ারেন্টাইন সম্পর্কিত তথ্য (সূত্রঃ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

স্থান	গত ২৪ ঘন্টায় (২২ এপ্রিল সকাল ৮:০০ থেকে ২৩ এপ্রিল সকাল ৮:০০)		এপর্যন্ত		বর্তমানে মোট কোয়ারেন্টাইন
	কোয়ারেন্টাইন	ছাড়	কোয়ারেন্টাইন	ছাড়	
হোম কোয়ারেন্টাইন	৩,৪২৯	৩,৫৯০	১,৬০,৪৬৩	৮২,৫০৫	৭৭,৯৫৮
হাসপাতাল ও অন্যান্য কোয়ারেন্টাইন	৫৪৮	২৫১	৭,৮৮৭	১,৫১২	৬,৩৭৫
সর্বমোট	৩,৯৭৭	৩,৮৪১	১,৬৮,৩৫০	৮৪,০১৭	৮৪,৩৩৩

- **সারাদেশে ৬৪ জেলার সকল উপজেলা ও জেলা পর্যায়ে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের জন্য প্রস্তুত করা হয়েছে- ৬০১ টি প্রতিষ্ঠান এবং এর মাধ্যমে তাৎক্ষনিকভাবে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের সেবা প্রদান করা যাবে- ৩০,৬৩৫ জনকে।**

প্রাতিষ্ঠানিক আইসোলেশন সম্পর্কিত তথ্য (সূত্রঃ আইইডিসিআর)

গত ২৪ ঘন্টায় আইসোলেশন (২২ এপ্রিল দুপুর ১২:০০ থেকে ২৩ এপ্রিল দুপুর ১২:০০)	বর্তমানে আইসোলেশনে রয়েছেন
১২৩	৯৯৫

মোবাইল ফোনে কোভিড-১৯ এর সেবা প্রদান (সূত্রঃ এমআইএস/আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

হটলাইন	গত ২৪ ঘন্টা	এপর্যন্ত সর্বমোট
১৬২৬৩ (স্বাস্থ্য বাতায়ন)	৫৬,০২৬	২২,৬২,৩৮৮
৩৩৩	২৫,২৯৭	৭,৪১,২৩৬
আইইডিসিআর (১০৬৫৫; ০১৯৪৪৩৩৩২২২)	৩,২৬৭	১,৫৪,৪৬৮
মোট ফোন কলের সংখ্যা	**৮৪,৫৯০**	**৩১,৫৮,০৯২**

স্বেচ্ছাসেবী হিসেবে করোনাভাইরাস সংক্রমণ সংক্রান্ত তথ্য ও চিকিৎসাসেবা প্রদানে হটলাইনে যুক্ত চিকিৎসক সংখ্যা (২৩-০৪-২০২০ সকাল ০৮:০০টা পর্যন্ত): ৩,৯৯৮।

কোভিড-১৯ চিকিৎসা ব্যবস্থাপনা ও হাসপাতাল সংক্রমণ এবং নিয়ন্ত্রণের জন্য প্রশিক্ষনঃ (২৩-০৪-২০২০ সকাল ০৮:০০ ঘটিকা পর্যন্ত)

চিকিৎসক	নার্স
৩,৬৫৪	**১,৩২০**

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশনে বিদেশ হতে আগত যাত্রীদের স্ক্রিনিং সম্পর্কিত তথ্য (সূত্রঃ হেল্থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশন	গত ২৪ ঘন্টা	এপর্যন্ত সর্বমোট
আন্তর্জাতিক বিমানবন্দর সমূহ	৩৭৩	৩,২৩,৭৮০
স্থলবন্দর সমূহ	১৫৬	৩,২৭,৯৭৬
সমুদ্রবন্দর সমূহ	৫৫	১৪,৭১৬
ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন	০০	৭,০২৯
মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা	৫৮৪	৬,৭৩,৫০১

স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক করোনাভাইরাস (COVID-19) প্রতিরোধ ও নিয়ন্ত্রণে তৈরিকৃত গাইডলাইনঃ
এ পর্যন্ত ২৩টি গাইডলাইন এবং ১১টি জনসচেতনতামুলক উপকরণ (IEC / BCC) প্রস্তুত করা হয়েছে।
গাইডলাইনসমূহ পাওয়া যাবে স্বাস্থ্য অধিদপ্তর এর ওয়েব সাইটেঃ www.dghs.gov.bd অথবা www.corona.gov.bd

বৈশ্বিক ও আঞ্চলিক করোনা পরিস্থিতি (সূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা – Situation Report 93, April 22)

	গত ২৪ ঘন্টা		এপর্যন্ত সর্বমোট	
	সনাক্ত	মৃত্যু	সনাক্ত	মৃত্যু
দক্ষিণ-পূর্ব এশিয়া	২,২৪২	৮৬	৩৩,৯১২	১,৪২৭
সারা বিশ্ব	৭৩,৯২০	৬,০৫৮	২৪,৭১,১৩৬	১,৬৯,০০৬

26/04/2020

অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর